দৈনিক ইত্তেফাক

245

তারিখ ... JUL. 31 199[illegible] ... ...
পৃষ্ঠা ৪  কলাম ৫......

## ইংরেজী শিক্ষক প্রয়োজন

মাদারীপুর সরকারী নাজিমউদ্দীন ডিগ্রী কলেজে তিন বৎসর পূর্বে ইসলামের ইতিহাস, উদ্ভিদ বিজ্ঞান, হিসাব বিজ্ঞান ও ইংরেজী বিষয়ে অনার্স কোর্স চালু করিয়া উহাকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হয়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে, ইংরেজী বিভাগে প্রয়োজনীয় শিক্ষক নাই। মাত্র একজন শিক্ষক দ্বারা সপ্তাহে তিনদিন ক্লাস নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। যাহা আমাদের জন্য পর্যাপ্ত নয়। তাহার পর পাস কোর্স ও অনার্স কোর্সের অন্যান্য বর্ষের ক্লাস নেওয়ার ফলে উক্ত তিনদিনও ক্লাস নেওয়া ঐ একজন শিক্ষকের পক্ষে সম্ভব হইয়া উঠে না। ফলে আমাদের ইংরেজী বিভাগের পড়ালেখা মারাত্মকভাবে ব্যাহত হইতেছে। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষের নিকট আবেদন-নিবেদন করিয়াও কোন কাজ হইতেছে না। এমতাবস্থায়, অত্র শিক্ষা প্রতিষ্ঠানে অন্ততঃ দুইজন ইংরেজী শিক্ষক নিয়োগের জন্য অনতিবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে আকুল আবেদন জানাইতেছি।

মোঃ মোয়াজ্জেম হোসেন,
বি.এ. (সম্মান) ইংরেজী বিভাগ,
সরকারী নাজিমউদ্দীন বিশ্ববিদ্যালয় কলেজ, মাদারীপুর